



ছেলেদের বিয়ের পোশাক

প্রত্যেক দেশ ও সম্ভ্রদায়ের মানুষের কিছু ঐতিহ্যবাহী বিয়ের পোশাক থাকে। আমাদের দেশে ছেলেদের ঐতিহ্যবাহী বিয়ের পোশাক হলো শেরওয়ানি, মাথার পাগড়ি ও পায়ে নাগরা। এই শেরওয়ানি এবং পাগড়ি আপনি বাজার থেকে অত্যন্ত সহজেই কিনতে অথবা ভাড়া নিতে পারেন।

এখন ফ্যাশনের বহুমুখিতা ও উৎকর্ষতার ফলে আমাদের দেশে নতুন নতুন স্টাইলে বিয়ের পোশাকের আবির্ভাব হয়েছে যেমন- ফোর পিস এবং প্রিন্স কোট।

ফোর পিসে থাকে পাঞ্জাবি, পায়জামা ওড়না ও কটি। এর সঙ্গে আপনি পায়ে নাগরা অথবা চটি এবং মাথায় পাগড়ি ব্যবহার করতে পারেন। ছেলেদের বিয়ের

পোশাক হিসেবে ফোর পিস এখন অত্যন্ত প্রচলিত।

প্রিন্স কোটের সঙ্গে আপনি পাগড়ি ও ওড়না দুটোই ব্যবহার করতে পারেন। প্রিন্স কোট এখন ছেলেদের বিয়ের পোশাক হিসেবে অত্যন্ত জনপ্রিয়। শেরওয়ানির মতো প্রিন্স কোটও আপনি কিনতে কিংবা ভাড়া নিতে পারেন।

এসব বিয়ের পোশাক বিভিন্ন আকর্ষণীয় ডিজাইনে বাজারে পাওয়া যায়। ঢাকা শহরে বিভিন্ন এলাকায় অনেক দোকান রয়েছে যেগুলো বিশেষ করে বিয়ে অনুষ্ঠানের উপকরণ ও পোশাক বিক্রি বা ভাড়া দিয়ে থাকে। এ এলাকাগুলোর মধ্যে এলিফ্যান্ট রোড, শপার্স ওয়ার্ল্ড ও বিশাল টাওয়ার অত্যন্ত জনপ্রিয়। এছাড়া এখন অনেক ফ্যাশন

হাউজ বুটিক ও শো-রুম ছেলেদের বিয়ের পোশাকের ওপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। বিখ্যাত ডিজাইনাররাও এখন ছেলেদের বিয়ের পোশাকের বিভিন্ন আকর্ষণীয় কালেকশনের ওপর কাজ করছেন। আপনি এসব দোকান, ফ্যাশন হাউজ অথবা বুটিক থেকে আপনার পছন্দের বিয়ের পোশাক অত্যন্ত সাশ্রয়ী মূল্যের কিনতে অথবা ভাড়া নিতে পারেন।

সাইমন মোহসিন

ছবি : সোহেল রানা রিপন

বাজার : বিয়ের পোশাক

| | |
|--------------------------|-----------------------|
| পাগড়ি ক্রয়মূল্য : | ৩০০ থেকে ৩০০০ টাকা |
| ভাড়া : | ২০০ থেকে ৫০০ টাকা |
| শেরওয়ানি ক্রয়মূল্য : | ২০০০ থেকে ২০,০০০ টাকা |
| ভাড়া : | ৫০০ থেকে ৪০০০ টাকা |
| নাগরা ক্রয়মূল্য : | ২০০ থেকে ১২০০ টাকা |
| ফোর পিস, ক্রয়মূল্য : | ৩৫০০ থেকে ১২০০০ টাকা |
| ওড়না, ক্রয়মূল্য : | ৩০০ থেকে ৮০০ টাকা |
| প্রিন্স কোট ক্রয়মূল্য : | ৪০০০ থেকে ১২০০০ টাকা |
| ভাড়া : | ১২০০ থেকে ২০০০ টাকা |